

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-১
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০১১.১৭ - ৫৪১

তারিখ : ০৮-০৮-২০১৮ খ্রিঃ

বিষয়ঃ সৌদি আরবস্থ Al Khaber International for Contracting-এর অধীনে ০৩ (তিনটি) চাহিদাপত্রে মোট ২০৫ (দুইশত পাঁচ) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি আজম ওভারসীজ (আরএল-৫৩৫)-এর আবেদনের প্রেক্ষিতে সৌদি আরবস্থ Al Khaber International for Contracting-এর অধীনে ০৩ (তিনটি) চাহিদাপত্রে Labour পদে ৭০+৭০+৬৫=২০৫ (দুইশত পাঁচ) জন অদক্ষ পুরুষ কর্মীর নিয়োগানুমতি নিম্নলিখিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
Al Khaber International for Contracting	Labour	৭০ (সত্তর) জন	১০০০ (সৌদি রিয়াল)	খাবার, বাসস্থান, চিকিৎসা, যাতায়াত, ইকামা ফ্রি;
	Labour	৭০ (সত্তর) জন	১০০০ (সৌদি রিয়াল)	চুক্তির মেয়াদ- ০২ বছর, কর্মঘণ্টা-৮ ঘণ্টা।
	Labour	৬৫ (পঁয়ষট্টি) জন	১০০০ (সৌদি রিয়াল)	বিমান ভাড়া-উভয়পথ ফ্রি; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

মোট ৭০+৭০+৬৫=২০৫ (দুইশত পাঁচ) জন

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটিএবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ প্রদেয় সর্বোচ্চ ১,৬৫,০০০/- (একলক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করতে হবে এবং তার প্রমানপত্র বিএমইটি বরাবরে উপস্থাপন করবে।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাভাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সৌদি আরবের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- সৌদি ভিসার অনলাইন সিস্টেম (Enjaz IT) থেকে হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।
- দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি বিএমইটি সতর্কভাবে পরীক্ষা করবে।
- ১ জুলাই ২০১৭ থেকে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক বিএমইটি নিশ্চিত করবেন।


(ডপ্তর কাজী কামরুন নাহার)
উপসচিব

ফোনঃ ০২৪-৮৩২২৫১৯


মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো,

৮৯/২, কাকরাইল, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, রিয়াদ/জেদ্দা, সৌদি আরব।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সহকারী প্রোগ্রামার (আইটি শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. অতিরিক্ত সচিব (কর্মসংস্থান এবং মনিটরিং ও এনফোর্সমেন্ট), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. স্বপ্রাধিকারী, আজম ওভারসীজ, হাউজ নং-১৬, রোড-২২, ব্লক-কে, বনানী, ঢাকা-১২১৩।
১৩. অফিস কপি।



(ডপ্টর কাজী কামরুন নাহার)

উপসচিব

ফোনঃ ০২৪-৮৩২২৫১৯